

# অতীব জরুরী নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬. ১৮০

তারিখ : ১২ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ।  
২৪ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : পঞ্চগড় সদর, দেবীগঞ্জ ও বোদা উপজেলাধীন অধুনালুপ্ত ছিটমহল এলাকা অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠান প্রসংগে।

সূত্র : জেলা প্রশাসক, পঞ্চগড় কার্যালয়ের স্মারক নং-১০২, তারিখঃ ২২.০২.২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার ৩৬ টি অধুনালুপ্ত ছিটমহল সংশ্লিষ্ট এলাকা পঞ্চগড় সদর, দেবীগঞ্জ ও বোদা উপজেলাধীন নিম্নোক্ত ইউনিয়নের সাথে অন্তর্ভুক্ত করে সীমানা পুনর্গঠন সম্পর্কিত বিজ্ঞপ্তি বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছে মর্মে জেলা প্রশাসক জানিয়েছেন। জেলা প্রশাসক আরো উল্লেখ করেন যে, ইতোমধ্যে বোদা উপজেলার উল্লিখিত ইউনিয়নসমূহের গেজেট প্রকাশ করা হয়েছে, অপরদিকে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় হতে ইউনিয়ন পরিষদের নির্বাচন-২০১৬ এর তফসিল ঘোষণা করা হয়েছে, কিন্তু গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে অধুনালুপ্ত ছিটমহলবাসীদের বাংলাদেশের নাগরিকত্ব প্রদান এবং তাদেরকে ভোটার তালিকাভুক্ত করার কাজ এখনও সম্পন্ন হয়নি। বর্তমান প্রেক্ষাপটে উক্ত এলাকার ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হলে সাবেক ছিটমহলবাসীগণ এ নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ এবং নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা থেকে বঞ্চিত হবেন। ফলে তাদের মধ্যে এক ধরনের বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে মর্মে জেলা প্রশাসক, পঞ্চগড় জানিয়েছেন (কপি সংযুক্ত)।

০২। জেলা প্রশাসক, পঞ্চগড় কর্তৃক পঞ্চগড় সদর, বোদা ও দেবীগঞ্জ উপজেলার নিম্নোক্ত ০৯ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানিয়েছেনঃ

ক্রমিক	জেলা	উপজেলা	ইউনিয়ন
০১.	পঞ্চগড়	পঞ্চগড় সদর	হাফিজাবাদা, হাড়িভাসা
০২.		বোদা	ময়দানদিঘী, কাজলদিঘী কালিয়াগঞ্জ, মারোয়া বামনহাট এবং বড়শাী
০৩.		দেবীগঞ্জ	টেপ্ৰীগঞ্জ, চিলাহাটি এবং দেবীগঞ্জ সদর

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, পঞ্চগড় এর প্রস্তাব মোতাবেক পঞ্চগড় সদর, দেবীগঞ্জ ও বোদা উপজেলার উল্লিখিত ইউনিয়নের সাথে অন্তর্ভুক্ত ছিটমহলবাসীদে ভোটার তালিকা হালনাগাদ সম্পন্ন না হওয়া পর্যন্ত বোদা উপজেলার উক্ত ০৪ টি ইউপির নির্বাচনের তফসিল স্থগিত এবং পঞ্চগড় সদর উপজেলার উল্লিখিত ০২ টি এবং দেবীগঞ্জ উপজেলার ০৩ টি ইউপির নির্বাচনের তফসিল ঘোষণা বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ জেলা প্রশাসক, মাদারীপুর এর পত্রের  
ছায়ালিপি-০৩ (ভিন) পাতা।

  
( শরীফা আহমেদ )  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে-বাংলানগর

আগারগাঁও, ঢাকা।

(দৃঃ আঃ-জনাব জেসমিন টুলী, যুগ্ম-সচিব)।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।